



স্মারক নং- ১৯.০১.৯৮০১.২০০.৯৯.০৩

তারিখঃ ১২ এপ্রিল ২০২১ খ্রিঃ

প্রেস বিজ্ঞপ্তি


বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে তেহরানস্থ বাংলাদেশ দূতাবাস কর্তৃক আয়োজিত সিরিজ কর্মসূচির প্রথম আয়োজন আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান ১২ এপ্রিল সোমবার বেলা দেড়টায় অনলাইনে অনুষ্ঠিত হয়। ইরানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব এএফএম গওসাল আযম সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইরানের শিল্প, খনিজ ও বাণিজ্য মন্ত্রণালয়ের উপমন্ত্রী জনাব হামিদ জাদবুম। এতে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয়া বিভাগের মহাপরিচালক জনাব রাসুল মুসাভি, বিভিন্ন দেশের রাষ্ট্রদূত এবং কূটনৈতিকবর্গ, ইউনেস্কোসহ তেহরানস্থ আন্তর্জাতিক সংস্থার কর্মকর্তা, গণমাধ্যমকর্মী, ইরান প্রবাসী বাংলাদেশি নাগরিক, ইরানে অধ্যয়নরত শিক্ষার্থী এবং দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীগণ অংশগ্রহণ করেন। বাংলাদেশ এবং ইরানের জাতীয় সঙ্গীত প্রচার এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভিডিও বার্তা প্রদর্শনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হয়।

প্রধান অতিথি জনাব হামিদ জাদবুম বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে শুভেচ্ছা জ্ঞাপন করেন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীকে সামনে রেখে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তিনি জাতির পিতার বিশ্বজনীন মানবতা ও নেতৃত্বের প্রশংসা করেন। ইরান-বাংলাদেশের সম্পর্কের গভীরতার কথা উল্লেখ করেন এবং বন্ধুত্বপূর্ণ সম্পর্কের নিরিখে বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধির আহ্বান জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে দৈনিক দেশের কণ্ঠ পত্রিকার সম্পাদক জনাব মোঃ আলমগীর হোসেন বক্তব্য রাখেন। এছাড়া ইরানে বসবাসরত সিনিয়র সাংবাদিক জনাব এজাজ হোসেন, দূতালয় প্রধান জনাব মোঃ হুমায়ুন কবির, কমাশিয়াল কাউন্সিলর ড. জুলিয়া মঈন, সাহিত্যিক মনীষ রায়, রেডিও তেহরানের সাংবাদিক গাজি আব্দুর রশিদ প্রমুখ আলোচনায় অংশ নেন। সাংস্কৃতিক অনুষ্ঠানে সুইডেন থেকে প্রকাশিত সাহিত্য পত্রিকা অনুশীলনের সম্পাদক জনাব মোর্শেদ চৌধুরি, কবি ও সাংবাদিক নাসির মাহমুদ এবং ছড়াকার সৈয়দ মুসা রেজা ও জনাব জাহিদুল ইসলাম স্বরচিত কবিতা ও ছড়া পাঠ করেন এবং জনাব নাজমুল হক দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশন করেন। অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল বাংলাদেশ দূতাবাস তেহরানের উদ্যোগে বঙ্গবন্ধু এবং বাংলাদেশের উপর আধাঘন্টার একটি সাংস্কৃতিক অনুষ্ঠান। দেশের প্রথিতযশা শিল্পগোষ্ঠী সৃষ্টি কালচারাল সেন্টারের প্রখ্যাত নৃত্যশিল্পী জনাব আনোয়ার হোসেনের নির্দেশনায় নির্মিত নাচ ও গান সম্বলিত ভিডিওটি সকলের মনোযোগ আকর্ষণ করে।

সভাপতির ভাষণে ইরানে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব এএফএম গওসাল আযম সরকার স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং শহীদ ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাসহ স্বাধীনতা সংগ্রামে অবদান রাখা সকলের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বলেন যে তাদের আত্মত্যাগের কারণেই বাংলাদেশ আজ বিশ্বের বুকে স্বাধীন সার্বভৌম জাতি হিসেবে দাঁড়াতে পেরেছে। রাষ্ট্রদূত মহোদয় বিগত কয়েকবছরে সরকারের উন্নয়ন কর্মকাণ্ডের উদাহরণ তুলে ধরে বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে তাঁর ঘোষিত রূপকল্প ২০২১ ও রূপকল্প ২০৪১ এর আওতায় বঙ্গবন্ধুর সোনার বাংলার স্বপ্ন বাস্তবায়নের পথে বাংলাদেশ সঠিক পথে এগিয়ে চলছে বলে জানান। তিনি এ জন্য সকলকে সেই লক্ষ্যে সচেষ্ট থাকার আহ্বান জানান।

উল্লেখ্য যে, মার্চ মাসের দ্বিতীয় প্রান্তিকে ইরানে নওরোজের ছুটি থাকে বিধায় ইরানে বরাবরই ২৬ মার্চের বদলে এপ্রিল মাসের সুবিধাজনক সময়ে স্বাধীনতা ও জাতীয় দিবসের আয়োজন করা হয়। বিশ্বব্যাপী করোনা পরিস্থিতি বিবেচনায় এবারের অনুষ্ঠানটি উল্লেখযোগ্য ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণসহ অনলাইনে অনুষ্ঠিত হয়েছে।

শুভেচ্ছা


(মোঃ হুমায়ুন কবির)
মিনিস্টার ও দূতালয় প্রধান